# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 13-03-25** **Time: 7-35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) বিধানসভায় আজ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের বাজেট প্রস্তাবের ওপর আলোচনা হবে। বিদ্যুত্ দপ্তরের আগামী অর্থবর্ষের ৪ হাজার ১১৬ কোটি ৭০ লক্ষ টাকার বাজেট প্রস্তাব গৃহীত।

২) তৃণমূল কংগ্রেসের সংখ্যালঘু বিধায়কদের নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিতর্কিত মন্তব্যের প্রেক্ষিতে রাজনৈতিক চাপান উতোর তুঙ্গে।

৩) যাদবপুর বিশ্ববিদ্যালয়ে শিক্ষাবন্ধুর অফিসে ভাঙচুর ও অগ্নি সংযোগের ঘটনায় গ্রেপ্তার আরও এক ছাত্র।

৪) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর লন্ডন সফরের ছাড়পত্র দিয়েছে কেন্দ্রীয় সরকার।

৫) দোলযাত্রার আগে অশুভ শক্তির বিনাশে আজ হোলিকা দহন বা চাঁচর পোড়ার আয়োজন করা হচ্ছে।

---------------------------------------------------------------------------------

বিধানসভায় আজ পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দফতরের বাজেট প্রস্তাবের ওপর আলোচনা হবে।

এদিকে, রাজ্যের বিভিন্ন জায়গায় বিদ্যুতের লো ভোল্টেজের সমস্যা মেটাতে উপযুক্ত পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে বলে বিদ্যুৎমন্ত্রী অরূপ বিশ্বাস জানিয়েছেন। বিদ্যুৎ দফতরের আগামী অর্থ বর্ষের ৪ হাজার ১১৬ কোটি ৭০ লক্ষ টাকার বাজেট বরাদ্দ পেশ করে তিনি জানান, ইতমধ্যে রাজ্যে বিভিন্ন জেলা মিলিয়ে মোট ৯৩৬ টি সাব স্টেশন রয়েছে। আরো ৫০ টি সাব স্টেশন তৈরির কাজ চলছে। সেচের কাজের জন্য খরচ করা হবে ৫০ কোটি টাকা। বিভিন্ন বিদ্যুৎ চালিত গাড়ির চার্জের জন্য সারা রাজ্য জুড়ে সাতশো ৬৩ টি EV চার্জিং স্টেশন তৈরি হয়েছে। আগামী অর্থ বর্ষে আরো ১৮৮ টি ইভি চার্জিং স্টেশনের কাজ শেষ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। আলোচনা শেষে বিরোধী শূন্য সভায় ধ্বনি ভোটে বাজেট প্রস্তাবটি গৃহীত হয়।

-----------------------------

রাজ্যে কৃষিজমির পরিমাণ বাড়াতে রাজ্য সরকার পতিত জমিকে চাষযোগ্য করে তোলার উদ্যোগ নিয়েছে। বিধানসভায় প্রশ্নত্তর পর্বে কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় জানান, রাজ্যে বর্তমানে চাষ যোগ্য জমির পরিমান ৫৫.৮৮ লক্ষ হেক্টর। কিন্তু জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সামঞ্জস্য রেখে কৃষি উৎপাদন বাড়াতে আরও জমির প্রয়োজন। এখনো পর্যন্ত ৩৯ হাজার একর পতিত জমিকে চাষযোগ্য জমিতে পরিনত করা হয়েছে বলে তিনি জানান।

-----------------------------

তৃণমূল কংগ্রেসের সংখ্যালঘু বিধায়কদের নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিতর্কিত মন্তব্যের প্রেক্ষিতে শাসক-বিরোধী চাপানোতোর তুঙ্গে। শাসক দলের বিধায়ক হুমায়ুন কবীর পাল্টা হুশিয়ারি দিয়ে বলেছেন, ৭২ ঘণ্টার মধ্যে নিজের মন্তব্য প্রত্যাহার না করলে এবং ক্ষমা না চাইলে বিরোধী দলনেতাকে ৪২ জন সংখ্যালঘু বিধায়কের সম্মুখীন হতে হবে।

এদিকে, বিজেপি রাজ্যে ভুয়ো হিন্দুত্ববাদ কায়েমের চেষ্টা করছে বলে বিধানসভায় অভিযোগ করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। গতকাল তিনি বলেন, গণতান্ত্রিক রীতিনীতিকে দূরে সরিয়ে রেখে বিরোধী দল বিজেপি যেভাবে সংখ্যালঘুদের নিয়ে রাজনীতি করছে, তা নিন্দনীয়।

মুখ্যমন্ত্রীর মন্তব্যের প্রেক্ষিতে বিজেপির মুখ্য সচেতক শঙ্কর ঘোষ বলেন, তৃণমূল কংগ্রেস বিধানসভায় বিরোধী দলকে কোনঠাসা করতে চাইছে।

এদিন ধর্মের নামে সঙ্কীর্ণ রাজনীতির অভিযোগে হইহট্টোগোলের জেরে বিধানসভার অধিবেশন উত্তপ্ত হয়ে ওঠে। বিজেপি বিধায়করা নিজেদের সঙ্গে নিয়ে আসা কাগজ ছিঁড়ে অধিবেশন কক্ষে ছড়িয়ে দিয়ে অবশেষে ওয়াকআউট করেন।

এদিকে, বিধানসভার বাইরে কালো জামা পড়ে বিক্ষোভ দেখান বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী-সহ দলের অন্যান্যরা। সাংবাদিকদের শুভেন্দুবাবু বলেন- কোনো ধরণের হুমকিকেই তিনি ভয় পান না।

(বাইট-শুভেন্দু )

বিধানসভার অভ্যন্তরে তাঁর উপরে হামলা হতে পারে বলে আশঙ্কা প্রকাশ করে শুভেন্দু অধিকারী বিধানসভার সচিবকে চিঠি লিখেছেন। দলীয় বিধায়ক ও নিজের জন্য উপযুক্ত নিরাপত্তার দাবি জানিয়েছেন তিনি।

পরিষদীয় মন্ত্রী শোভন দেব চট্টোপাধ্যায় বলেছেন, নির্বাচনে হেরে গিয়ে অসহিষ্ণু হয়ে শুভেন্দু অধিকারী এই ধরণের অসাংবিধানিক কথা বলছেন।

(বাইট-শোভন )

শুভেন্দু অধিকারীর মন্তব্যের সমালোচনা করেছেন কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরীও।

(বাইট-অধীর)

অন্যদিকে, তৃণমূলের সংখ্যালঘু বিধায়কদের শুভেন্দু অধিকারীর হুমকির ঘটনায় কংগ্রেস নেতা আলি ইমরান রামজ চাকুলিয়া থানায় অভিযোগ দায়ের করেছেন। শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে উস্কানি দেওয়ার অভিযোগ করেছেন তিনি। এই ঘটনায় রাজ্য সরকারের পক্ষ থেকে এখনো এফআইআর কেন দায়ের করা হল না সেই প্রশ্ন তুলে তিনি বলেন, বিজেপি-তৃণমূল মিলে পশ্চিমবঙ্গে সাম্প্রদায়িক রাজনীতির খেলা খেলছে।

-----------------------------

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে তৃণমূল সমর্থিত কর্মী সংগঠন ‘শিক্ষাবন্ধু’র অফিসে ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনায় সৌম্যদীপ মহান্ত ওরফে উজান নামে দর্শন বিভাগের প্রথম বর্ষের এক ছাত্রকে পুলিশ গ্রেফতার করেছে । এর আগে দু’বার পুলিশ সৌম্যদীপ নোটিস পাঠালেও তিনি হাজিরা দেননি। গতকাল বিকেলে জিজ্ঞাসাবাদের জন্য তাঁকে

যাদবপুর থানায় ডেকে পাঠানো হয়েছিল। রাতে তাঁকে গ্রেফতার করা হয়। আজ তাঁকে আদালতে তোলা হবে।

এদিকে, এর আগে ঐ ঘটনায় ধৃত সাহিল আলিকে ১০ দিনের পুলিসি হেফাজত শেষে গতকাল জামিন দিয়েছে আলিপুর আদালত।

উল্লেখ্য, গত পয়লা মার্চ যাদবপুর ওয়েবকুপার বার্ষিক সম্মেলনে যোগ দিতে গিয়ে এসএফআই সমর্থকদের বিক্ষোভের মুখে পড়েন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। ছাত্র সংসদ নির্বাচনের দাবিতে দফায় দফায় উত্তেজনা তৈরি হয় বিশ্ববিদ্যালয় চত্বরে। ওইদিন রাতে ক্যাম্পাসে 'শিক্ষাবন্ধু'র অফিসে আগুন লাগার ঘটনায় নতুন করে উত্তেজনা ছড়ায়। ঘটনার পর দিনই সাহিলকে গ্রেফতার করা হয়।

-----------------------------

হাইকোর্টের অনুমতি ছাড়া, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে রাজনৈতিক সংগঠন মিটিং - মিছিল করতে পারবে না বলে আদালত যে নির্দেশ দিয়েছিল, তা প্রত্যাহার করে নিয়েছেন বিচারপতি তীর্থঙ্কর ঘোষ। আদালত জানিয়েছে মিছিল মিটিং এর অনুমতি এখন থেকে প্রশাসন দেবে।

এদিকে, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পুলিশ ফাঁড়ি তৈরির জন্য কলকাতা পুলিশের তরফে কর্তৃপক্ষের কাছে চিঠি পাঠানোর প্রেক্ষিতে অধ্যাপকদের সংগঠন আবুটা উদ্বেগ প্রকাশ করেছে। সংগঠনের যাদবপুর বিশ্ববিদ্যালয়ের লোকাল চ্যাপ্টারের আহ্বায়ক দেবব্রত বেরা বলেছেন, বিশ্ববিদ্যালয় একটি স্বশাসিত প্রতিষ্ঠান। তাই আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্ব তার নিজেরই।

বাম ছাত্র সংগঠন এসএফআই-ও এর কড়া সমালোচনা করেছেন।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থার প্রেক্ষিতে গত মঙ্গলবার কলকাতা পুলিশের তরফে মেল করে ক্যাম্পাসের ভেতরে আউটপোস্ট করার জন্য জায়গা চাওয়া হয়।

-----------------------------

দক্ষিণ কলকাতার যোগেশ চন্দ্র ল-কলেজে  সাংসদ মালা রায়কে ঘিরে গতকাল বিক্ষোভ দেখায় পড়ুয়াদের একাংশ।এদিন সমস্যা শুরু হয় আবির খেলাকে কেন্দ্র করে। বহিরাগতরা ফের কলেজে ঢুকে পড়ে বলেঅভিযোগ। পরিস্থিতি সামাল দিতে পুলিশ বাহিনী কলেজে যায়। তাদের সামনেই চলে দফায় দফায়বিক্ষোভ। কলেজ পরিচালন সমিতির সভাপতি পদে থাকা তৃণমূল কংগ্রেস সাংসদ মালা রায় সেখানেগেলে তাকে ঘিরে বিক্ষোভ দেখান কলেজ পড়ুয়ারা। পাল্টা বিক্ষোভ দেখায় তৃণমূল ছাত্রপরিষদের সদস্যরা। পরে পুলিশ ও নিরাপত্তা রক্ষীরা বিক্ষোভকারীদের সরিয়ে দেন।

-----------------------------

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর লন্ডন সফরে ছাড়পত্র দিয়েছে কেন্দ্রীয় সরকার। গতকাল নবান্নে বিদেশ মন্ত্রকের অনুমোদন সংক্রান্ত চিঠি পৌঁছেছে বলে মুখ্যমন্ত্রী নিজেই জানিয়েছেন। রাজ্যে শিল্পে বিনিয়োগ আনতে এমাসের শেষ সপ্তাহে ব্রিটেন যাচ্ছেন তিনি। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের আমন্ত্রণে সাড়া দিয়ে সেখানকার পড়ুয়া ও গবেষকদের উদ্দেশে মুখ্যমন্ত্রীর বক্তব্য রাখবেন। ২১ শে মার্চ তিনি দুবাই হয়ে লন্ডন পৌঁছবেন। ২৫ তারিখ শিল্প সম্মেলনে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী। ২৭ শে মার্চ অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে মুখ্যমন্ত্রীর বক্তব্য রাখার কথা। ২৯ তারিখ তিনি কলকাতায় ফিরবেন।

-----------------------------

দোলযাত্রার আগে আজ অশুভ শক্তির বিনাশ এবং শুভ শক্তির উদযাপনে হোলিকা দহন বা চাঁচর পোড়ার আয়োজন করা হচ্ছে। চিরাচরিত প্রথা মেনে দেশের অন্যান্য অংশের পাশাপাশি এরাজ্যেও ন্যাড়া পোড়ানো হয়ে থাকে। স্কন্দ পুরান মতে ,এই বিশেষ দিনে ভগবান বিষ্ণু, হোলিকা দহনের মধ্য দিয়ে অশুভ শক্তির বিনাশ ঘটিয়েছিলেন।

নদীয়ার শান্তিপুর, মায়াপুর ইসকন মন্দির, নবদ্বীপ ধাম সহ শ্রীকৃষ্ণ ও গৌড়ীয় পূন্যধামগুলিতে নগর সংকীর্তনের মধ্য দিয়ে আগামীকাল দোল পূর্নিমার উৎসব শুরু হবে। মন্দির নগরী মায়াপুর আর তীর্থক্ষেত্র নবদ্বীপে দোল উপলক্ষে এখন সাজো সাজো রব। দেশ বিদেশের বহু মানুষ এই দুই স্থানে সমবেত হয়েছেন। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন।

(ভিসি)

বসন্ত উৎসব উপলক্ষে গতকাল কলকাতার প্রেস ক্লাবে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অ্যাসোসিয়েশন অফ ট্যুরিজম সার্ভিসেস প্রোভাইডার অফ বেঙ্গলের উদ্যোগে এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত চিলেন ভারত সরকারের পর্যটন মন্ত্রকের সহ অধিকর্তা জ্যোতির্ময় বিশ্বাস এবং রাজ্য পর্যটন বিভাগের আধিকারিকরা।

এদিকে, পরিবেশের ক্ষতির আশঙ্কায় রাজ্য সরকার শান্তিনিকেতনে সোনাঝুরি হাটে দোল উৎসবে নিষেধাজ্ঞা জারি করেছে। এই প্রথম সোনাঝুরি হাটে দোল উৎসব হচ্ছে না। বিশ্বভারতী জানিয়েছে, হোলির সময় বিশ্ববিদ্যালয় চত্বর বন্ধ রাখা হবে।

অন্যদিকে, দোলযাত্রার দিন বিশেষত সকালে খুব কম সংখ্যক যাত্রী চলাচল করার কারণে আগামীকাল পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন ও হাওড়া ডিভিশনে বেশ কিছু লোকাল ট্রেন বাতিল করা হচ্ছে।

-----------------------------

রাজ্য সরকার আসন্ন দোল ও হোলি উৎসবে সব ধর্মের মানুষদের সমানভাবে অংশগ্রহণের আহ্বান জানিয়েছে। আলিপুরের ধনধান্য অডিটোরিয়ামে গতকাল সব সম্প্রদায়ের প্রতিনিধিদের নিয়ে আয়োজিত দোলযাত্রা ও হোলির মিলন উৎসব শীর্ষক এক অনুষ্ঠানে যোগ দিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি শান্তিপূর্ণ পরিবেশে সম্প্রীতি রক্ষার মাধ্যমে দোল ও হোলি উৎসব পালনের কথা বলেন।

-----------------------------

প্রায় তিন শতাধিক বছর পর প্রশাসনের হস্তক্ষেপে পূর্ব বর্ধমানের কাটোয়ার গীধেশ্বর শিব মন্দিরে প্রবেশাধিকার পেলেন স্থানীয় দাসপাড়ার দলিত সম্প্রদায়ের মানুষজন। অস্পৃশ্যতা ও জাত পাতের বৈষম্যের বেড়াজাল ভেঙে গতকাল পুষ্প,ফলমূল,মিষ্টান্ন,ধুপ বাতি সহযোগে ডালা সাজিয়ে নিয়ে পুজো দিলেন পাঁচ দলিত পরিবারের বধূ। প্রায় সাড়ে তিনশো বছর আগে তৎকালীন জমিদারদের হাত ধরে কাটোয়ায় গীধেশ্বরের আরাধনা শুরু হলেও প্রথম থেকেই গ্রামের দাস সম্প্রদায়ের মানুষদের ওই মন্দিরে পুজো দেওয়া 'নিষিদ্ধ' ছিল। গত ২৬ ফেব্রুয়ারি শিবরাত্রির দিন মহাদেবের পুজো দেওয়া নিয়ে উত্তেজনা ছড়ায় গ্রামে। কাটোয়ার মহকুমা শাসকের কাছে মন্দিরে ঢুকে পুজো দেওয়ার আর্জি জানান দাস পাড়ার দলিতরা। গত মঙ্গলবার

দীর্ঘ বৈঠক ও আলোচনা শেষে সেই আবেদন মঞ্জুর হয়। কোনোরকম অশান্তি এড়াতে সকাল থেকেই মন্দির চত্বরে বিশাল পুলিশ মোতায়েন করা হয়।

---------------------------

দক্ষিণবঙ্গের কিছু জেলায় তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে আলিপুর আবহাওয়া দপ্তর। আগামী কয়েকদিন পশ্চিম মেদিনীপুর, পশ্চিম বর্ধমান, বাঁকুড়া,বীরভূম জেলায় সর্বোচ্চ তাপমাত্রা তিন থেকে পাঁচ ডিগ্রী পর্যন্ত বৃদ্ধির সম্ভাবনা রয়েছে। **১৬** তারিখ পশ্চিমের জেলাগুলিতে তাপপ্রবাহের সতর্কতা থাকছে। তবে কলকাতায় এখনই তাপপ্রবাহের সম্ভাবনা নেই বলে জানিয়েছেন আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা হাবিবুর রহমান বিশ্বাস।

--------------------------- ---------------------------